গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৮৭.১৭- ২৪৬

২৯ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
১২ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচারণা থেকে বিরত থাকা প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-৫০২, তারিখঃ ২৭ মে ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচারণা থেকে বিরত থাকা সংক্রান্ত পত্রটির ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) ফর্দ।

22.06.2018
(খন্দকার নূরুল হক)
উপ-সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা।
২। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা।
৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্ক ভিটা), তেজগাঁও, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), হাউজ নং- ০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**
www.cabinet.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সচিবের দপ্তর
ডাইরি নং ২৭১২০ তারিখ: ৬/৬/১৮

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৫০২

১৩ জ্যৈষ্ঠ ১৪২৫
তারিখ:-----------------
২৭ মে ২০১৮

বিষয়: **ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচারণা থেকে বিরত থাকা প্রসঙ্গে।**

সূত্র: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের
আধা-সরকারি পত্র নম্বর: ৪৬.২০৭.০০০.০১.০০.২০.২০১৮ তারিখ: ১৪.০৫.২০১৮

শহরকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার বৃহত্তর স্বার্থে ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচারণা থেকে বিরত থাকা এবং প্রয়োজনে নামমাত্র মূল্যে এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারণা চালানোর জন্য মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সূত্রোক্ত আধা-সরকারি পত্রের মাধ্যমে অনুরোধ করেছেন। প্রাপ্ত আধা-সরকারি পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: এক পাতা।

ডাইরী নং ২০৩৭ তাং
অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৭-০৫-১৮

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
general_sec@cabinet.gov.bd

০১। সিনিয়র সচিব
............................................................ মন্ত্রণালয়/বিভাগ

০২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় ................ মন্ত্রণালয়/বিভাগ

১৩ জ্যৈষ্ঠ ১৪২৫
নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৫০২ তারিখ:-----------------
২৭ মে ২০১৮

অনুলিপি:

০১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০
০২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

মোহাম্মদ সাঈদ খোকন
মেয়র
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৯৫৬৩৫০৪-৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৬৩২৬৬

উপানুষ্ঠানিক পত্র নম্বর : ৪৬.২০১.০০০.০১.০০.২০.২০১৮
তারিখ : ১৪.০৫.২০১৮

প্রিয় মন্ত্রিপরিষদ সচিব,

আসসালামু আলাইকুম।

শহরকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এর অন্যতম দায়িত্ব। আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্বেও ঢাকা শহরকে পরিচ্ছন্ন রাখতে কর্পোরেশন সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। প্রচুর অর্থ ব্যয়ে প্রায় প্রতিদিনই ডিএসসিসি'র বিভিন্ন এলাকা থেকে ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট অপসারণ করা হচ্ছে। বাস্তবতা হচ্ছে সারাদিন এগুলো পরিষ্কার করা হয়, কিন্তু রাত গভীর হলেই ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, দেয়াল লিখনের মাধ্যমে শহরকে অপরিচ্ছন্ন করা হচ্ছে। প্রতিনিয়ত একই ঘটনার পুনরাবৃত্তির কারণে তার পরিচ্ছন্নতা কার্যক্রমের অগ্রগতি ধরে রাখতে পারছে না এবং সর্বাত্মক প্রচেষ্টার পরেও নগরীকে দৃশ্যমান পরিচ্ছন্ন করা সম্ভব হচ্ছে না।

লক্ষণীয় যে, ব্যানার, ফেস্টুন, পোস্টার ও ডিসপ্লে বোর্ডের একটি বড় অংশ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্ত অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক জাতীয়/আন্তর্জাতিক দিবসসহ বিভিন্ন কর্মসূচী পালন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের প্রচারণার জন্য স্থাপন করা হয়ে থাকে। এসব ব্যানার, ফেস্টুন ও পোস্টারে যথাসময়ে অপসারন বা না সরানোর কারণে আবর্জনা পরিমান বৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্যাপকভাবে শহরের সৌন্দর্যহানী ঘটায়। বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করে সব ধরণের ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড বা প্রচারণা উপকরণ শহরের সড়ক বা অন্য কোথাও স্থাপন না করার অনুরোধ জানিয়ে সব মন্ত্রণালয়কে ইতোমধ্যে দু'বার পত্র দেয়া হয়েছে। কিন্তু মন্ত্রণালয় বা তাদের অধীনস্থ দপ্তরসমূহ থেকে আশানুরূপ সাড়া পাওয়া যাচ্ছে না।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন শহরকে নান্দনিক হিসেবে গড়ে তুলতে ইতোমধ্যে শতভাগ বিলবোর্ড অপসারণ করতে সক্ষম হয়েছে এবং আধুনিক দৃষ্টিনন্দন এলইডি বোর্ড স্থাপন করেছে। প্রচলিত বিলবোর্ড/ব্যানার/ফেস্টুন/পোস্টারের চেয়ে এসব এলইডি বোর্ড প্রচারণা কার্যক্রমে নতুন মাত্রা যোগ করার সঙ্গে সঙ্গে শহরের সৌন্দর্য বাড়িয়েছে বহুগুণ। মন্ত্রণালয় বা তাদের অধীনস্থ অফিসসমূহ নিজেদের প্রচারণার কাজে এসব এলইডি বোর্ড ব্যবহার করতে পারে এবং সে ক্ষেত্রে ডিএসসিসি সরকারি দপ্তরগুলিকে নামমাত্র মুল্যে এলইডি বোর্ড ব্যবহারের সুযোগ প্রদান করবে।

বর্ণিত প্রেক্ষিতে প্রিয় শহরকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার বৃহত্তর স্বার্থে ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচারণা থেকে বিরত থাকার এবং প্রয়োজনে নামমাত্র মূল্যে এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারণা চালানোর জন্য সরকারের সকল মন্ত্রণালয়ের সচিব মহোদয়গণকে নির্দেশনা প্রদান করার জন্য আপনার ব্যক্তিগত সুদৃষ্টি কামনা করছি।

(মোহাম্মদ সাঈদ খোকন)
মেয়র

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সাধারণ অধিশাখা
ডায়রি নং: ১৫২৯
তারিখ: ১৭/৫/১৮

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহণ ও প্রেরণ ইউনিট
নিবন্ধন নং ২৫২৬